

ভিডিও

ছবি

সাক্ষাৎকার

## পরীক্ষা

# দুই বিষয়ে অনুত্তীর্ণদের শর্তে একাদশে ভর্তি, তবে পূর্ণ সনদ নয় : শিক্ষামন্ত্রী

বিশেষ প্রতিনিধি ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

নতুন শিক্ষাক্রম অনুযায়ী, এসএসসি পরীক্ষায় দুই বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সুযোগ দেওয়া হলেও তাদের পূর্ণ সনদ দেওয়া হবে না। তবে চাইলে ফলাফল ও নম্বরপত্র, অর্থাৎ তার মাত্রাটি কোনো পর্যায়ে আছে, সেটি তারা পাবে।

এ কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। এইচএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে আজ বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে আয়োজিত আইনশৃঙ্খলাবিষয়ক এক সভা শেষে প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে নতুন শিক্ষাক্রম প্রসঙ্গেও কথা বলেন শিক্ষামন্ত্রী।

নতুন শিক্ষাক্রমে পাবলিক পরীক্ষার মূল্যায়নের বিষয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) করা সর্বশেষ প্রস্তাব অনুযায়ী, এসএসসিতে কোনো শিক্ষার্থী এক বা দুই বিষয়ে অনুত্তীর্ণ হলে শর্ত সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারবে। সে ক্ষেত্রে পরবর্তী দুই বছরের মধ্যে পাবলিক পরীক্ষায় (এসএসসি) অংশ নিয়ে অনুত্তীর্ণ হওয়া বিষয়ে উত্তীর্ণ হতে হবে। তবে তিন বা তার বেশি বিষয়ে অনুত্তীর্ণ হলে একাদশ শ্রেণিতে উত্তীর্ণ হওয়া যাবে না। এ ছাড়া কোনো শিক্ষার্থী যদি দশম শ্রেণিতে ৭০ শতাংশ কর্মদিবসে উপস্থিত না থাকে, তাহলে সে পাবলিক মূল্যায়ন বা এসএসসি পরীক্ষা দিতে পারবে না। বর্তমানে মূলত দশম শ্রেণিতে নির্বাচনী পরীক্ষায় (টেস্ট) উত্তীর্ণ হলে এসএসসি পরীক্ষা দেওয়ার সুযোগ হয়। কিন্তু নতুন শিক্ষাক্রমে নির্বাচনী পরীক্ষা হবে না। যেসব শিক্ষার্থী নবম শ্রেণি শেষ করে দশম শ্রেণিতে উঠবে, তারাই এসএসসি পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে।

আজকের অনুষ্ঠানে এ বিষয়ে একজন সাংবাদিকের করা প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, যদি দুটি সুনির্দিষ্ট বিষয়ে একজন শিক্ষার্থী অকৃতকার্য হয়, তাহলে প্রক্রিয়া অনুযায়ী সে পরবর্তী ধাপে উত্তরণ হবে। তারা ধাপ অতিক্রম করবে, কিন্তু পূর্ণ সনদ দেওয়া হবে না। তিনি আরও বলেন, যে দুটি বিষয়ে সুনির্দিষ্ট মান অর্জন করতে পারেনি বা কৃতকার্য হওয়ার ধাপ অতিক্রম করতে পারেনি, সেই বিষয়ে আবার পরীক্ষা দিয়ে পরবর্তী উচ্চ ধাপের সনদ অর্জন করবে। তবে শিক্ষার্থী যদি মনে করে পরবর্তী ধাপে সনদায়ন করতে চাচ্ছে না, কিন্তু ফলাফল ও নম্বরপত্র চাচ্ছে, অর্থাৎ তার মাত্রাটি কতটুকু (শিখনের মাত্রা), সেটি তারা পাবে। এটি শিক্ষার্থীর ওপর নির্ভর করছে।

এইচএসসি পরীক্ষা উপলক্ষে আইনশৃঙ্খলাবিষয়ক সভা শেষে প্রেস ব্রিফিং করছেন শিক্ষামন্ত্রী ছবি: মোশতাক আহমেদ

উল্লেখ্য, বর্তমানে যেসব শিক্ষার্থী নবম শ্রেণিতে পড়ছে, তারাই প্রথমবারের মতো নতুন শিক্ষাক্রম অনুযায়ী এসএসসি পরীক্ষা দেবে। নতুন শিক্ষাক্রমে এখনকার মতো পরীক্ষাও হবে না, আবার এসএসসি পরীক্ষার ফলও জিপিএর (গ্রেড পয়েন্ট অ্যাভারেজ) ভিত্তিতে হবে না। নির্ধারিত পারদর্শিতা অনুযায়ী সাতটি স্কেল বা স্তরে ফল বা রিপোর্ট কার্ড প্রকাশ করা হবে। এই সাত স্তর হবে অনন্য, অর্জনমুখী, অগ্রগামী, সক্রিয়, অনুসন্ধানী, বিকাশমান ও প্রারম্ভিক। শিক্ষার্থীর পারদর্শিতা (পারফরম্যান্স) অনুযায়ী এসব স্তর নির্ধারণ করা হবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

By using this site, you agree to our Privacy Policy.



---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.